

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 19-03-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**ADC Election :**

এডিসি নির্বাচন একদিন এগিয়ে আগামী ১৩ই এপ্রিলের পরিবর্তে ১২ই এপ্রিল করা হয়েছে। এ বিষয়ে গতকাল রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। কমিশনের সচিব অনুরাগ সেন জানিয়েছেন, রাজ্য বিধানসভার সর্বসম্মতি প্রস্তাবের পরিপ্রেক্ষিতে শুধুমাত্র ভোটের দিন পরিবর্তন করে ১২ই এপ্রিল করা হয়েছে। এছাড়া ঘোষিত অন্যান্য সব দিনক্ষণ অপরিবর্তিত রাখা হয়েছে।

\*\*\*\*\*

**Storm – Pecharthal :**

উনকোটি জেলার পেঁচারখল ব্লকের অধীন ধনীছড়া এলাকায় গতকাল রাতে শিলাবৃষ্টির কারণে বেশ কিছু বাড়ীঘরের ব্যাপক ক্ষতি হয়েছে। খবর পেয়ে রাতেই উনকোটি জেলার জেলা শাসক তমাল মজুমদার ঐ এলাকায় ছুটে গেলেন। জেলাশাসক আকাশবাণী'র জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানিয়েছেন, ঐ এলাকায় তেরোটি গ্রাম শিবির খোলা হয়েছে। প্রায় দেড়শোটি পরিবারের লোকজন শিবিরে আশ্রয় নিয়েছে।

\*\*\*\*\*

**TUDA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার নেতৃত্বে নগর উন্নয়ন দপ্তর এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক-এর সহায়তায় নানা উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করেছে। এডিবির একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল ত্রিপুরা নগর ও পর্টিন উন্নয়ন প্রকল্পের পর্যালোচনার লক্ষ্যে বর্তমানে ত্রিপুরা সফর করছে। দলটির নেতৃত্বে

রয়েছেন নগর উন্নয়নের প্রধান বিশেষজ্ঞ তমু উয়েদা, সরিন চুং এবং ভবেশ কুমার। সফরকালে এডিবি দলটি ত্রিপুরার ১২টি শহরে চলমান কাজ পর্যালোচনা করছে, এবং এডিবির সহায়তায় গড়ে ওঠা গুরুত্বপূর্ণ পণ্টন কেন্দ্রগুলোও পরিদর্শন করছে। এই সফর রাজ্যের নগর পরিকাঠামো ও পণ্টনের উন্নয়নে এডিবির অব্যাহত সমর্থনকে তুলে ধরে।

\*\*\*\*\*

### **Speaker-Assembly :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন বিধায়ক রামপদ জমাতিয়া। ত্রয়োদশ বিধানসভার নবম অধিবেশনের চতুর্থ দিনে অধ্যক্ষ নির্বাচন করা হয়। অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হওয়ার পর শ্রী জমাতিয়াকে শুভেচ্ছা জানান উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মুখ্য সচিব কল্যাণী রায়, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী সহ অন্যান্য বিধায়কগণ। অধ্যক্ষ শ্রী জমাতিয়া অধিবেশন পরিচালনার ক্ষেত্রে সবার সহযোগিতা কামনা করেন।

\*\*\*\*\*

### **CM-Governor speech :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শক্তিশালী ত্রিপুরা গড়তে হলে ভোকাল ফর লোকালের উপর জোর দিতে হবে। গতকাল বিধানসভায় রাজ্যপালের ভাষনের উপর আনা ধন্যবাদ সূচক প্রস্তাবের উপর আলোচনায় অংশগ্রহণ করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী রাজ্যের সমস্ত নাগরিকদের কল্যাণ নিশ্চিত করতে রাজ্য সরকারের অঙ্গীকারের ওপর জোর দিয়েছেন। তিনি বলেন, শিক্ষা, স্বাস্থ্য, জনজাতি কল্যাণ সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে পরিকাঠামো শক্তিশালী করার ওপর বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী জন আরোগ্য প্যাজনা, আয়ুষ্সান কার্ড বিতরণ সহ স্বাস্থ্য ক্ষেত্রে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তাছাড়া কৃষি ক্ষেত্র সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা এখন বিশ্বের দরবারে নিজের স্থান করে নিয়েছে।

\*\*\*\*\*

## One Nation, One Election :

লোকসভা ‘এক দেশ, এক নির্বাচন’ সম্পর্কিত আইন পর্যালোচনাকারী পৌখিক সংসদীয় কমিটির মেয়াদ ২০২৬ সালের বর্ষাকালীন অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিন পূর্ণতর বাড়িয়েছে। এই বিলের মাধ্যমে লোকসভা ও রাজ্য বিধানসভাগুলিতে একযোগে নির্বাচন চালু করার প্রস্তাব করা হয়েছে। কমিটির চেয়ারম্যান পি পি চৌধুরী, সংবিধানের ১২৯তম সংশোধনী বিল, ২০২৪ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল, ২০২৪-এর উপর গঠিত পৌখিক কমিটির মেয়াদ বাড়ানোর প্রস্তাব উত্থাপন করেন। সভায় ধ্বনি ভোটে প্রস্তাবটি গৃহীত হয়।

\*\*\*\*\*

## Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত-এ জানানোর আহ্বান জানিয়েছেন।

\*\*\*\*\*

## Assambly-Recruitment :

চলতি অর্থবছরের গত ২৫ এপ্রিল থেকে ফেব্রুয়ারী পূর্ণতর রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৩২৯১ জনকে চাকুরী দেওয়া হয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মনের আনা একটি দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে শ্রমমন্ত্রী টিংকু রায় এই তথ্য জানান। তিনি আরো জানান, ২০১৮ সাল থেকে এখন পূর্ণতর রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ২০ হাজার ৮৪৫ জনকে সরকারি চাকুরী দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

## Weather :

আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারণত মেঘলা থাকবে। রাজ্যের বিভিন্ন স্থানে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ ডিগ্রি সেলসিয়াস। আজ সকাল পর্যন্ত মোট বৃষ্টিপাতের পরিমাণ ১৭ দশমিক ২ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*